স্নাতক পাঠক্রম

(বি. ডি. পি.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — জুন ও ডিসেম্বর, ২০০৯

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা (সপ্তম পত্র)

সময় ঃ চার ঘণ্টা পূর্ণমান ঃ ১০০

মানের গুরুত্ব ঃ ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

ক—বিভাগ

(লোকসাহিত্য—৫০)

১। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০

ক) কিংবদন্তির সংজ্ঞা ও প্রকৃতি সম্পর্কে আলোচনা করুন। উদাহরণসহ কিংবদন্তি কীভাবে গড়ে ওঠে সে সম্পর্কে আপনার অভিমত লিপিবদ্ধ করুন।

খ) ছড়ার প্রকৃতি ও বৈশিষ্ট্য আলোচনা করুন। এ সম্পর্কে রবীন্দ্রনাথের অভিমত আলোচনা করুন। প্রসঙ্গত ছড়ার বিষয়বৈচিত্র্যের পরিচয় দিন।

গ) মৈমনসিংহ গীতিকার 'মহুয়া' পালার সামাজিক প্রেক্ষাপট, বিষয়বস্তু, উপস্থাপনারীতি আলোচনা করে, গীতিকাটির বৈশিষ্ট্য কী বুঝিয়ে দিন। প্রসঙ্গত, গীতিকা ও ব্যালাডের পার্থক্য আলোচনা করুন।

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১০+১০=২০

ক) প্রবাদ কাকে বলে? প্রবাদের প্রকৃতি নির্দেশ করে 'নারী-পুরুষ', 'আপন-পর' এবং 'কৃষি-সংক্রান্ত' একটি করে প্রবাদ উদ্ধৃত করে তার অন্তর্গত তাৎপর্য বুঝিয়ে দিন।

খ) 'সত্যপির' ও 'সত্যনারায়ণ' পূজার বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করে জনজীবনে তার প্রভাব কতটা বিদ্যমান তা বিশদ করুন।

গ) 'নাট-গীত', 'লোকনাট্য' ও 'যাত্রা'-র পার্থক্য কী কী নির্দেশ করুন। এই সঙ্গে বাংলার যে-কোনো একটি লোকনাট্যের পরিচয় দিন।

ঘ) 'মেয়েলি ব্রত' ও 'শাস্ত্রীয় ব্রত'-র পার্থক্য কী বুঝিয়ে দিন। প্রসঙ্গসূত্রে একটি মেয়েলি ব্রত ও শাস্ত্রীয় ব্রত-র পরিচয় দিন।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৫+৫=১০

ক) ধাঁধার শ্রেণিবিভাগ করে অন্তত তিনটি বাংলা ধাঁধা ও তার উত্তর ব্যাখ্যাসহ বুঝিয়ে দিন।

খ) লোকজীবনে ঝাড়-ফুঁক ও মন্ত্রের বিশেষ প্রভাব থাকার কারণগুলি কী ব্যাখ্যা করুন। 'বন্ধন মন্ত্র' কী এবং কেন আলোচনা করুন।

গ) ব্রতের 'আলপনা' সম্পর্কে আলোচনা করুন। ব্রতের অনুষ্ঠানে বিভিন্ন ধরনের আলপনার গুরুত্ব বুঝিয়ে দিন।

ঘ) বাংলার চিরাচরিত যাত্রাপালাকে লোকনাট্য বলা যায় কিনা, বলুন।

খ—বিভাগ

(আধুনিক ভারতীয় সাহিত্য—৫০)

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০

ক) 'চেম্মিন' উপন্যাসের ট্র্যাজেডির উৎসে আছে ধর্মীয় অন্ধতা ও সামাজিক আচ্ছন্নতা ও সমুদ্রজননীর অনুশাসনভিত্তিক এক অলৌকিক প্রতীতিকেন্দ্রিক সংস্কার। — প্রসঙ্গটি আলোচনা করে এই উপন্যাসের নামকরণের যাথার্থ্য বিচার করুন।

খ) " 'চোপ আদালত চলছে'-তে 'নাটকের মধ্যে নাটক' গড়ে ওঠার ফলে, এর গঠনশৈলীর মধ্যে জটিলতা সত্ত্বেও বৈচিত্র্য আছে" — এই বক্তব্যের তাৎপর্য কী, সেই বিচার করুন।

গ) ভারতবর্ষের বিভিন্ন অঞ্চলের সাহিত্য সম্পর্কে জানার তাৎপর্য আজকের পরিপ্রেক্ষিতে কতখানি প্রয়োজন তা সবিশেষ আলোচনা করুন।

৫। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১০+১০=২০

ক) 'চোপ আদালত চলছে' নাটকের মধ্যে যে ট্র্যাজিক বেদনা অনুভব করা যায় তার উৎস কোথায়, বুঝিয়ে দিন।

খ) কারুতাম্মা-পারীকুট্টি-পালানির জীবনের ট্র্যাজেডির জন্য প্রকৃতপক্ষে দায়ী কে বা কারা, লিখুন।

গ) 'বাচ্চা' গল্পে বিজু কীভাবে সত্যি-সত্যিই কুড়িয়ে পাওয়া শিশুটির 'মা' হয়ে উঠল, সেই আলোচনা করুন।

ঘ) 'সদ্‌গতি' গল্পে মুন্সী প্রেমচাঁদ যে-সমাজচেতনার পরিচয় দিয়েছেন, সেটি উপযুক্ত উদাহরণসহ আলোচনা করুন।

৬। যে-কোনো **দুটি প্রশ্নের** উত্তর দিন ঃ ৫+৫=১০

ক) চাকীর মৃত্যু 'চেম্মিন' উপন্যাসে কতখানি অভিঘাত ফেলেছে বিশদ করুন।

খ) 'কুঞ্জবনের ক্ষ্যাপা' গল্পে ব্যবহৃত 'গান' ও স্বপ্নে দেখা পোকা-র তাৎপর্য বুঝিয়ে দিন।

গ) " 'চোপ, আদালত চলছে' নাটকে খেলনা টিয়া পাখিটা বস্তুতপক্ষে বেনারেরই প্রতীক স্বরূপ।"— আলোচনা করুন।

ঘ) (১) নামদেব ও সোমদেব-এর পরিচয় দিন। ২

(২) সর্বপল্লী রাধাকৃষ্ণনের ভারতীয় সাহিত্য সম্পর্কে মন্তব্যটি উদ্ধৃত করুন। ৩